# পাকিস্তানে মসজিদে আত্মঘাতী হামলায় নিহত ১৬



ছবি: সংগৃহীত

পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশের কোহাট শহরে একটি মসজিদে আত্মঘাতী হামলায় অন্তত ১৬ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে পাঁচজন পুলিশ সদস্য রয়েছেন। হামলায় আরও বেশ কয়েকজন আহত হয়েছেন।

শুক্রবার (১৮ সেপ্টেম্বর) জুমার নামাজ চলাকালে এ হামলার ঘটনা ঘটে। স্থানীয় সূত্র জানায়, বিস্ফোরকভর্তি একটি গাড়ি নিয়ে এক হামলাকারী নিরাপত্তা বাহিনীর একটি দফতরে ধাক্কা দেয়। ওই দফতরের ভেতরের মসজিদে তখন অনেকেই জুমার নামাজ আদায় করছিলেন।

বিস্ফোরণের পর গাড়িতে থাকা আরেক হামলাকারী বন্দুক নিয়ে সেখানে গুলি চালায়। খবর পেয়ে নিরাপত্তা বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে গিয়ে উদ্ধার তৎপরতা শুরু করেন।

এ ঘটনায় এখন পর্যন্ত কোনো গোষ্ঠী হামলার দায় স্বীকার করেনি।

LENS ASIA